

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৫৮

٩. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)
পরিচ্ছেদঃ সকাল ও সন্ধ্যায় একজন ব্যক্তি কী বলবে সকাল

ذِكْنُ مَا يَقُولُ الْمَرْءُ عِنْدَ الصَّبَاحِ وَالْمَسَاءِ

## আরবী

958 \_ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حدثنا إسحاق ابن إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا النَّصْرُ بْنُ شُمَيْلٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ عَنْ عَمْرِو بْنِ عَاصِمِ التَّقَفِيِّ النَّصْرُ بْنُ شُمَيْلٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ يَعْلَى بْنِ عَطَاءٍ عَنْ عَمْرِو بْنِ عَاصِمِ التَّقَفِيِّ قَالَ: سَمِعْتُ أَبًا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ أَبُو بَكْرٍ: يَا رَسُولَ اللَّهِ أَخْبِرْنِي مَا أَقُولُ إِذَا أَصْبَحْتُ وَإِذَا أَمْسَيْتُ قَالَ: (قُلِ: اللَّهُمَّ عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ فاطر السماوات والأرض رب كل شيء وملكيه أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا أَنْتَ أَعُوذُ بِكَ مِنْ شَرِّ نَفْسِي وَمِنْ شَرِّ الشَيْطَانِ شَيء وملكيه أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا أَنْتَ أَعُوذُ بِكَ مِنْ شَرِّ نَفْسِي وَمِنْ شَرِّ الشَيْطَانِ وَشِرْكِهِ) قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قُلْهُ إِذَا أَصْبَحْتَ وَإِذَا أَمْسَيْتَ وَإِذَا أَحْذُتَ مَضْجعك)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 958 ا خلاصة حكم المحدث:. صحيح.

## বাংলা

৯৫৮. আবৃ হ্রাইরা রাদিয়াল্লাহ্ আনহ্থ থেকে বর্ণিত, তিনি বলেন, "আবৃ বকর রাদিয়াল্লাহ্ আনহ্থ একবার রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামকে বললেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম, যখন আমি সকাল ও বিকেল করবো, তখন আমি কী বলবো?"রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আপনি বলুন, "আপনি বলুন, "আপনি বলুন, "আদি اللَّهُمَّ عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ فاطر السماوات والأرض رب كل شيء وملكيه أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا أَنْتَ أَعُوذُ بِكَ اللَّهُمَّ عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ فاطر السماوات والأرض رب كل شيء وملكيه أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا أَنْتَ أَعُوذُ بِكَ (হে আল্লাহ, দৃশ্য ও অদৃশ্যের জ্ঞাতা, আসমানসমূহ ও জমিনের স্রষ্টা, সকল কিছুর প্রভু ও অধিপতি, আমি সাক্ষ্য দিচ্ছি যে, আপনি ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই, আমি আপনার কাছে আশ্রয় চাই নিজের নফসের অনিষ্টতা, শয়তান ও তার অংশীদারের অনিষ্টতা থেকে ।)"

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আপনি এটি বলুন, যখন আপনি সকালে উপনীত হবেন, যখন



বিকেলে উপনীত হবেন আর যখন আপনি বিছানা গ্রহণ করবেন।" [1]

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৩৭; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ১২০২; আত তায়ালিসী: ১/২৫১; তিরমিযী: ৩৩৯২; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ১১; দারেমী: ২/২৯২; হাকিম: ১/৫১৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৭৫৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন